যায়যায়দিন

তারিখ 5 MAY 2010
পৃষ্ঠা ৩ কলাম ২

# খুবির উন্নয়নে একনেকে ৮০ কোটি টাকার প্রকল্প অনুমোদন

খুলনা অফিস

খুলনা বিশ্ববিদ্যালয়ের ইতিহাসে সবচেয়ে বড় অংকের উন্নয়ন প্রকল্প অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে মঙ্গলবার বিকালে ঢাকায় একনেকের সভায় খুলনা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অবকাঠামোগত উন্নয়নে ৮০ কোটি ১০ লাখ টাকার এ উন্নয়ন প্রকল্প অনুমোদন দেয়া হয়। ১৯৮৭ সালের ৪ জানুয়ারি খুলনা বিশ্ববিদ্যালয় প্রকল্প শুরুর পর এটিই সর্বোচ্চ উন্নয়ন বরাদ্দ।

খুলনা বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ বিভাগের উপপরিচালক এস এম আতিয়ার রহমান জানান, অনুমোদিত এ প্রকল্পে উল্লেখযোগ্য অবকাঠামোর মধ্যে রয়েছে, ১৯ কোটি ৩৫ লাখ ২২ হাজার টাকা ব্যয়ে তৃতীয় একাডেমিক ভবনের নিচতলা ও দোতলার বাকি অংশের নির্মাণ কাজ এবং তৃতীয় ও চতুর্থ তলার সম্প্রসারণ, ১৭ কোটি টাকা ব্যয়ে নতুন একটি ছাত্র হল এবং ১৭ কোটি টাকা ব্যয়ে নতুন একটি ছাত্রী হল নির্মাণ, ৭ কোটি ৮৩ লাখ ১৫ হাজার টাকা ব্যয়ে কেন্দ্রীয় লাইব্রেরির নিচতলা ও দোতলার বাকি অংশের নির্মাণ কাজ এবং তৃতীয় তলার সম্প্রসারণ, ৬ কোটি ৩ লাখ ৮০ হাজার টাকা ব্যয়ে অপরাজিতা হলের তৃতীয় ও চতুর্থ তলার সম্প্রসারণ।